

স্মারক নম্বর: বেশিনিক/পমূপ্র/পঞ্চদশ নি.প./৮-২২/২০১৮/৫৯৮

তারিখ: ২৮ নভেম্বর ২০১৮ খ্রি.

বিজ্ঞপ্তি

পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক আয়োজিত পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮-তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

এ পরীক্ষায় প্রার্থীদের প্রথম ধাপে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দ্বিতীয় ধাপে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তী ধাপে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

২। নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র:

- এ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।
- নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে এ বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতিতে আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে।
- এ বিজ্ঞপ্তি www.ntrca.gov.bd এবং <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ এবং সময়সীমা নিম্নরূপ:

- Online**-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখ বেলা ৩:০০ টা।
- Online**-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত।
- অনলাইনে আবেদনের সময় প্রার্থীকে ১০নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের হার্ডকপি প্রেরণের প্রয়োজন হবে না।** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক হার্ডকপি প্রেরণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ১০ নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

বি.দ্র. ক. ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।

খ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে যুক্তিসঙ্গত সময় হাতে রেখে সতর্কতার সাথে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও প্রেরণ সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:

- শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্রের ফরম Open করবেন।
- Online** আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করবেন।
- Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু প্রিলিমিনারি, লিখিত, মৌখিক পরীক্ষা ও অন্যান্য সকল কার্যক্রমসহ উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু **Online**-এ আবেদনপত্র প্রেরণ (Submit) করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। **পূর্ণস্ফঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** আবেদনপত্র প্রেরণ (Submit) করার পর কোন তথ্য সংশোধনযোগ্য নয়।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য কোন প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- প্রার্থী **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে এ অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি ও ১০নং অনুচ্ছেদে চাহিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।
- প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে ইচ্ছুক সে পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়/ বিষয়সমূহ হতে নিবন্ধন পরীক্ষার ঐচ্ছিক বিষয় নির্ধারণ করবেন এবং তা **Online** আবেদনপত্রে উল্লেখ করবেন।
- প্রার্থীর নিজ নাম, পিতার নাম ও মাতার নাম এস.এস.সি অথবা সমমানের পরীক্ষা পাশের সনদে যে রূপে উল্লেখ রয়েছে অনলাইন আবেদনপত্রে একইভাবে পূরণ করবেন।
- Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরেটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পঠন এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে।

৫। পরীক্ষার ফি প্রদান:

- SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত

